তারিখ ... 25 JUL 2016 ...
পৃষ্ঠা ... ২ ৬ কলাম ... ২ ......

যুগান্তর

# বাউফলে ৫৬ বিদ্যালয়ের সংস্কার না করেই টাকা উত্তোলন

**বাউফল প্রতিনিধি**

বাউফলে ৫৬টি প্রাথমিক বিদ্যালয় মেরামতের টাকা কাজ না করেই উত্তোলন করে হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০১৫-২০১৬ অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদফতর থেকে বাউফলের ৫৬টি প্রাথমিক বিদ্যালয় মেরামতের জন্য মোট ৫৬ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়। ৩০ জুনের মধ্যে প্রতিটি বিদ্যালয়ের মেরামত কাজ সম্পন্ন করে বিলের টাকা উত্তোলন করার কথা থাকলেও অধিকাংশ বিদ্যালয়ে কাজ না করেই বরাদ্দকৃত টাকা তুলে নিয়েছেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক। সরেজমিন বাউফলের নাজিরপুর ইউনিয়নের ৭২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, ধুলিয়া ইউনিয়নের বারুজীবীপাড়া, বগা ইউনিয়নের ধাউরাভাঙ্গা ও কৌখালী, কাছিপাড়া ইউনিয়নের শহীদ জালাল, কালিশুরী ইউনিয়নের সিংহেরাকাঠী ও ধলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে বিদ্যালয় ভবনের কোথাও কোনো ধরনের মেরামত কাজ করা হয়নি। অথচ ওই সব বিদ্যালয়ের মেরামত কাজ সম্পন্ন দেখিয়ে ৩০ জুন বিলের টাকা তুলে নিয়েছেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক। নিয়মানুযায়ী কাজ সম্পন্ন করার পর উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে রিপোর্ট প্রদানের পর বিল পরিশোধ করার কথা। ৭২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমা বেগম জানান, রমজান মাসে প্রতিটি বিদ্যালয় বন্ধ ছিল। তাই কাজ করা সম্ভব হয়নি। জুনের মধ্যে কাজ সম্পন্ন না করলে বরাদ্দকৃত টাকা ফেরত যাবে। তাই অগ্রিম বিল ভাউচার জমা দিয়ে টাকা তুলে হাতে রেখেছি। পরে সময় নিয়ে বিদ্যালয় মেরামতের কাজ করে নেব। তিনি বলেন, শুধু আমিই নয় অধিকাংশ বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক এ কাজটি করেছেন। এদিকে কাজ না করেই অগ্রিম বিল তুলে নেয়ায় শংকা তৈরি হয়েছে। একাধিক বিদ্যালয়ের অভিভাবক বলেন, সরকারি বরাদ্দকৃত টাকা লুটপাটের আশংকা রয়েছে। পূর্ব যৌতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক অভিভাবক বলেন, কাজ না করেই উত্তোলন করে নেয়া টাকা ইতিমধ্যে বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক ভাগবাটোয়ারা করে নিয়েছেন। একই অভিযোগ করেন পূর্ব দাসপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অপর এক অভিভাবক। এ প্রসঙ্গে বাউফল উপজেলা প্রকৌশলী জহুরুল ইসলাম বলেন, এতগুলো কাজ মনিটরিং করার জনবল আমার নেই। তবে লুটপাটের অভিযোগ অস্বীকার করে উপজেলা শিক্ষা কর্মকর্তা রঙ্গলাল রায় বলেন, ইতিমধ্যে ৩১টি বিদ্যালয়ের মেরামত কাজ সম্পন্ন হয়েছে। বাকিগুলোর কাজও চলছে।